

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান বুরো  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
সৈয়দপুর, নীলফামারী  
[www.bbs.syedpur.nilphamari.gov.bd](http://www.bbs.syedpur.nilphamari.gov.bd)

স্মারক নং-৫২.০১.৭৩৩৬.০০০.০৮.০৫৪.২০-০৭

৩০ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ

তারিখ :

১৪ জানুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ


### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান বুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগননা ২০২১' এর খানা তালিকা প্রণয়ন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিয়াবণ্ণিত শর্তে শুধুমাত্র সৈয়দপুর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার মুব/মুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	প্রাপ্য ভাতাদি(টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	ডিপিপি'র বর্ণনা মোতাবেক	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধৰ হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রিন সাইজ নুন্যতম ৫.০(পিচ) ইঞ্জিং হতে হবে। ৫) ০৮/০১/২০২০ খ্রি. তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	ডিপিপি'র বর্ণনা মোতাবেক	১) ন্যূনতম ইচ্চেসিসি/সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধৰ হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রিন সাইজ নুন্যতম ৫.০(পিচ) ইঞ্জিং হতে হবে। ৫) ০৮/০১/২০২০ খ্রি. তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

#### শর্তাবলী:

- আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ([www.bbs.syedpur.nilphamari.gov.bd](http://www.bbs.syedpur.nilphamari.gov.bd)) থেকে ডাউনলোড পূর্বক স্বত্ত্বে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ([www.nilphamari.gov.bd](http://www.nilphamari.gov.bd)) থেকেও পাওয়া যাবে।
- খানা তালিকা প্রণয়ন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- খানা তালিকা প্রণয়ন মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপাদন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- খানা তালিকা প্রণয়নে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগনের কার্যক্রম সঠোয়জনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- খানা তালিকা প্রণয়ন/মূল শুমারির সময় প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ডুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের পূরণকৃত আবেদন ফরম বক্ত খামের উপর ডান পার্শ্বে পদের নাম ও ইউনিয়ন/ পৌরসভা (ওয়ার্ডের নাম) উল্লেখপূর্বক আগামী ২২ জানুয়ারি, ২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্তে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- প্রাপ্ত আবেদনকারীগণের মধ্য হতে বৈধ প্রার্থীদের পরীক্ষা আগামী ২৩ জানুয়ারি, ২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- খানা তালিকা প্রণয়নের জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাচী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
 মোঃ মদিন আহসান হক  
 উপজেলা নির্বাচী অফিসার  
 সৈয়দপুর, নীলফামারী  
 ও  
 সভাপতি

জনশুমারি ও গৃহগননা ২০২১ এর  
 গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি  
 সৈয়দপুর, নীলফামারী